

চাকরির নামে প্রতারণা রাবির সাবেক ভিসি প্রোভিসির বিরুদ্ধে মামলা

■ রাজশাহী ব্যারো:

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে সাবেক ভিসি অধ্যাপক আবদুস সোবহান ও প্রোভিসি অধ্যাপক নুরুল্লাহর বিরুদ্ধে মামলা হয়েছে। নগরীর রানীনগর এলাকার মঞ্জুর রহমান বাদী হয়ে চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলাটি করেন। সোমবার মামলার নির্ধারিত দিনে অভিযুক্ত দু'জন হাজির হয়ে জামিন আবেদন করলে আদালতের বিচারক বালিদ হোসেন তা মঞ্জুর করেন। বাদী মঞ্জুর রহমান তার অভিযোগে উল্লেখ করেছেন, চাকরিতে থাকাকালীন অধ্যাপক আবদুস সোবহান ও অধ্যাপক নুরুল্লাহ রানীনগর এলাকার আসাদুল ইসলামকে নিম্নমান সহকারী ও কাটাখালী এলাকার আসাদুজ্জামানকে উচ্চমান সহকারী হিসেবে নিয়োগ দিতে ৯ লাখ টাকা নেন। গত বছরের ১৭ ফেব্রুয়ারি তারা টাকা গ্রহণ করেন। এরপর লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে সিডিকেট সভা পর্যন্ত অপেক্ষা করতে বলেন। কিন্তু ওই পদে নিয়োগ না পাওয়ায় বাদী ২৫ এপ্রিল তাদের দু'জনকে আইনি নোটিশ পাঠান। আইনি নোটিশ পাওয়ার পরও তারা কোনো উত্তর না দেওয়ায় গত বছরের ৩ ডিসেম্বর বাদীপক্ষে অ্যাডভোকেট সাইফুর রহমান খান প্রতারণার অভিযোগে আদালতে মামলাটি করেন। আদালত বাদীর আবেদন গ্রহণ করে গতকাল আবদুস সোবহান ও নুরুল্লাহকে হাজির হতে সমন দেন।